### খ—গুচ্ছ

(ক) তানপ্রধান ছন্দের সঙ্গে ধ্বনিপ্রধান ছন্দের পার্থক্যগুলো উদাহরণসহ নির্দেশ করো।

(খ) বাংলা তিন প্রকার ছন্দে পর্ব-বিভাজন ও মাত্রাবিচারের পার্থক্য উদাহরণসহ নির্দেশ করো।

### গ—গুচ্ছ

(ক) রূপক অলংকারের শ্রেণিবিন্যাস করে উদাহরণসহ প্রতিটি বিভাগের পরিচয় দাও।

(খ) অলংকারকে শব্দালংকার এবং অর্থালংকার ভেদে বিভাজনের যৌক্তিকতা উদাহরণসহ আলোচনা করো।

★★★





# 2014

## BENGALI

## ( Elective )

Paper : 5.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ও ; আ ; ই ; ঐ। এর মধ্যে সংবৃত স্বরধ্বনি কোনটি ?

(খ) য ; র ; গ ; ল। এর মধ্যে স্পৃষ্টব্যঞ্জন কোনটি ?

(গ) অভিশ্রুতির একটি উদাহরণ দাও।

(ঘ) স্বরসংগতির একটি উদাহরণ দাও।

(ঙ) শব্দার্থ পরিবর্তনে অর্থসংক্রমের একটি উদাহরণ দাও।

(চ) "দিদি আসুন ময়দা ঠাসুন আজকে রবিবার"
চরণটি কোন্ ছন্দে রচিত ?

(ছ) ধ্বনিপ্রধান ছন্দের লয় কী ?

(জ) উৎপ্রেক্ষা অলংকারের একটি উদাহরণ দাও।

(ঝ) "চোখে চোখে কথা নয় গো, বন্ধু, আগুনে আগুনে কথা।" কোন্ অলংকারের উদাহরণ?

(ঞ) "পাইয়া চরণতরি তরি ভবে আশা।" কোন্ অলংকারের উদাহরণ?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো : সমীভবন

(খ) বাংলা ভাষার দুটি উপভাষার নাম লেখো।

(গ) বাংলা শব্দভাণ্ডারে গৃহীত দুটি ফারসি শব্দের উদাহরণ দাও।

(ঘ) ছেদ ও যতির পার্থক্য নির্দেশ করো।

(ঙ) "তোমাদেরে তবে বাঁশরী করিয়া বাজাইব বনমাঝে।" কারণ নির্দেশ করে অলংকারের নাম লেখো।

৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) স্বরসঙ্গতি এবং অপিনিহিতির মধ্যে সংজ্ঞা ও উদাহরণসহ পার্থক্য নির্দেশ করো।

(খ) সমরূপ শব্দ ও সমধ্বনি শব্দ বলতে কী বোঝ? উদাহরণসহ বিশদ করো।

(গ) বাংলা ভাষার চলিত রীতি বলতে কী বোঝ? সাধু রীতির সঙ্গে এর পার্থক্য উদাহরণসহ নির্দেশ করো।





(ঘ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর—
যা-কিছু হারায় গিন্নি বলেন, কেষ্টা বেটাই চোর।"

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"বীর্য দেহ তোমার চরণে পাতি শির,
অহর্নিশি আপনারে রাখিবারে স্থির।"

(চ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে পার্থক্য দেখাও :

সন্দেহ এবং অপহ্নুতি

৪। ক—গুচ্ছ, খ—গুচ্ছ এবং গ—গুচ্ছ; প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

**ক—গুচ্ছ**

(ক) প্রাচীন বাংলার লক্ষণগুলো উদাহরণসহ বিবৃত করো।

(খ) তদ্ভব শব্দ বলতে কী বোঝ? বাংলা শব্দভাণ্ডার থেকে বিভিন্ন প্রকার তদ্ভব শব্দের উদাহরণ দিয়ে বিষয়টি বিশদ করো।

(গ) যথেষ্ট পরিমাণ উদাহরণসহ শব্দার্থ-পরিবর্তনের ত্রিধারা সম্পর্কে আলোকপাত করো।

(ঘ) বাংলা ভাষা যে প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিভিন্ন স্তর অতিক্রম করে বিবর্তিত হয়ে এসেছে তা যুক্তিসহ প্রমাণ করো।

(ঙ) 'ছেঁড়া তার' নাটকে মহিম চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

(চ) "মোর যন্তর বাজিলয় না। আল্লা! তার খালি ছিড়ি ছিড়ি গেল।" প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

৪। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) 'সাজাহান' নাটক অনুসরণে জাহানারার চারিত্রিক বৈশিষ্ট্য সম্বন্ধে আলোচনা করো।

(খ) ট্র্যাজেডি নাটক হিসেবে 'সাজাহান'-এর সার্থকতা বিচার করো।

(গ) 'সাজাহান' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব বিচার করো।

(ঘ) 'সাজাহান' নাটকের নায়ক কে—সাজাহান না ঔরংজীব? যুক্তিসহ আলোচনা করো।

(ঙ) হাকিমুদ্দি চরিত্র সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্ব বিচার করো।

(চ) "রহিম জ্ঞান-কর্ম-অনুভব—সব দিক থেকেই উন্নত চরিত্র।" আলোচনা করো।

(ছ) 'ছেঁড়া তার' নাটক অনুসরণে গৌণ চরিত্র সৃষ্টিতে নাট্যকারের দক্ষতা বিচার করো।

(জ) ধর্মের অনুশাসন রহিম ও ফুলজানের জীবনে যে বিপর্যয় সৃষ্টি করেছে, তা আলোচনা করো।

★ ★ ★





# 2014

## BENGALI

## ( Elective )

Paper : 5.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

**ক—বিভাগ, খ—বিভাগ** এবং **গ—বিভাগ** ; তিনটি বিভাগের যে কোনো **একটির** উত্তর দাও।

### ক—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) রমার বাবার নাম কী?

(খ) "আজকের দিনটা আমার নিন্দা-সুখ্যাতির বাইরে।" বক্তা কে?

(গ) রমেশের মা রমাকে কী নামে ডাকতেন?

(ঘ) রমেশের কত দিনের কারাবাস হয়েছিল?

(ঙ) ভৈরবের বড়ো মেয়ের নাম কী?

(চ) ললিতা নিতাইকে কী নামে ডাকত?

(ছ) 'কবি' উপন্যাসে কটি পরিচ্ছেদ আছে?

(জ) "ব্রাহ্মণ বংশের মূর্খ বলীবর্দ অপেক্ষা কপি অনেক ভাল রাজন।" 'বলীবর্দ' কী?

(ঝ) গৌর বীরবংশী কত বছর আন্দামানে দণ্ড ভোগ করেছিল?

(ঞ) রাজালাল কী কাজ করে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "মায়ের দুধ খেয়েছিল বটে ছোটবাবু! লাঠি ধরলে বটে!" বক্তা কে? 'ছোটবাবু'র নাম কী?

(খ) দীনু ভট্টাচার্যর পুত্র ও কন্যার নাম কী?

(গ) বেণী ঘোষালের খুড়-শ্বশুরের নাম কী? তিনি কোথায় থাকেন?

(ঘ) "তোমার নাম দিয়েছি কয়লা মাণিক।" কে, কাকে একথা বলেছে?

(ঙ) "উভয়েরই দুগ্ধপ্রীতি মার্জ্জারের মত।" কাদের কথা বলা হয়েছে?

৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসের ধর্মদাস চরিত্রটি আলোচনা করো।

(খ) জলার বাঁধ সংক্রান্ত বিবাদের বর্ণনা দাও।

(গ) "পৃথিবীতে ভাল করবার ভার যে কেউ নিজের ওপর নিয়েচে চিরদিনই তার শত্রু-সংখ্যা বেড়ে উঠেছে।" সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।





(ঘ) 'কবি' উপন্যাসের রাজালালের স্ত্রীর চরিত্রটি আলোচনা করো।

(ঙ) "দায়ে পড়িয়া মহাদেব প্রস্তাবটায় সম্মতি না দিয়া পারিল না।" প্রসঙ্গটি বিশদ করো।

(চ) 'কবি' উপন্যাস অবলম্বনে কবির লড়াইয়ের বর্ণনা দাও।

৪। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসের নামকরণের যথার্থতা বিচার করো।

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসের রমেশ চরিত্র আলোচনা করো।

(গ) 'পল্লীসমাজ' উপন্যাসে রমা-রমেশের প্রণয়-কাহিনি কতটা বিশ্বাসযোগ্যভাবে চিত্রিত হয়েছে, আলোচনা করো।

(ঘ) 'পল্লীসমাজ' উপন্যাসে বেণী ঘোষাল চরিত্রের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

(ঙ) 'কবি' উপন্যাস অবলম্বনে নিতাইচরণের জীবনে ঠাকুরঝির ভূমিকা আলোচনা করো।

(চ) "হায়, জীবন এত ছোট কেনে?" প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ছ) "খুব স্বল্পকালের কাশীবাস তাকে অনেক পরিণত ও পরিপক্ব করে তুলল।" নিতাইচরণের জীবনে কাশীবাস পর্বের গুরুত্ব আলোচনা করো।

(জ) 'কবি' উপন্যাসের নির্মলা ও ললিতা চরিত্র দুটি সংক্ষেপে আলোচনা করো।

## খ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'ভোটার সাবিত্রীবালা' গল্পের লেখকের নাম কী?

(খ) 'সারেঙ' গল্পের জাহাজের থার্ড মেট-এর নাম কী?

(গ) ছবির স্বামীর নাম কী?

(ঘ) পি. ও. ডব্লু. ক্যাম্প কোথায় ছিল?

(ঙ) ফৌজী সংকেতে আণ্ডাহল্ট স্টেশনের নাম কী ছিল?

(চ) জগদ্দল বিমলের কত বছরের বন্ধু?

(ছ) "সে দেখিয়ে দেবে রাজ্যশাসন লাঠিবাজী নয়; এ-ও একটা আর্ট।" কার কথা বলা হয়েছে?

(জ) রায়বাহাদুর রতনলালের ছেলের নাম কী?

(ঝ) সাগরপার থেকে আসা ধনিয়ার নতুন প্রতিদ্বন্দ্বী কে?

(ঞ) বৈজনাথ শর্মা স্টিফান হোরোদের কী পড়াতেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) নাসিমের মা ও তার দ্বিতীয় স্বামীর নাম কী?

(খ) ছবির দাদার নাম কী? তিনি ছবির চেয়ে কত বছরের বড়ো?

(গ) অঞ্জনগড় কেল্লা থেকে প্রতি রবিবার দুঃস্থদের কী বিতরণ করা হত?

(ঘ) ওভারসিয়ারবাবুর মেয়ের নাম কী? তার বয়স কত?

(ঙ) স্টিফান হোরোর দুজন সহপাঠীর নাম লেখো।





৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'ভোটার সাবিত্রীবালা' গল্পের সাবিত্রীবালা চরিত্রটি আলোচনা করো।

(খ) "অভদ্র আর অসভ্য ছবি হঠাৎ অমলের মুখের সামনেই দরজাটা বন্ধ করে দিল।" ছবির এমন আচরণের কারণ কী, আলোচনা করো।

(গ) 'সারেঙ' গল্পের নাসিম চরিত্রটি আলোচনা করো।

(ঘ) 'পরশুরামের কুঠার' গল্পে প্রসাদী চরিত্রের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

(ঙ) "ছিন্নভিন্ন ও মৃত জগদ্দলের জন্য কারা যেন কবর খুঁড়ছে।" প্রসঙ্গটি বিশদ করো।

(চ) 'গোত্রান্তর' গল্প অবলম্বনে রায়বাহাদুর রতনলাল চরিত্রটি আলোচনা করো।

৪। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) সমালোচকের মতে, " 'ভারতবর্ষ' গল্পের পরতে পরতে জড়িয়ে রয়েছে ছোটগল্পকার রমাপদ চৌধুরীর ভারতপ্রেম কথা।" আলোচনা করো।

(খ) 'সারেঙ' গল্পে জাহাজের কর্মচারীদের জীবনযাপনের যে ছবি ফুটে উঠেছে, তা আলোচনা করো।

(গ) 'গাছ' গল্প অবলম্বনে মানব জীবনে প্রকৃতির ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

(ঘ) ‘ভোটার সাবিত্রীবালা’ গল্পের নামকরণ যথার্থ হয়েছে কিনা, বিচার করো।

(ঙ) মধ্যবিত্তবর্গের স্বার্থপরতা ও অমানবিকতা ‘পরশুরামের কুঠার’ গল্পে যেভাবে ফুটিয়ে তোলা হয়েছে, তা লেখো।

(চ) ‘চতুর্থ পানিপথের যুদ্ধ’ গল্পের নামকরণ সার্থক হয়েছে কিনা, তা বিশ্লেষণ করো।

(ছ) ‘ফসিল’ গল্পের মুখার্জী চরিত্রটি আলোচনা করো।

(জ) ‘গোত্রান্তর’ গল্পে শ্রমিক শ্রেণির প্রতিবাদের যে চিত্র ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

## গ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) জয়সিংহ কার সঙ্গে শঠতা করেছিলেন?

(খ) মহম্মদের শ্বশুরের নাম কী?

(গ) মহামায়ার স্বামীর নাম কী?

(ঘ) ঔরংজীবের পুত্রের নাম লেখো।

(ঙ) ‘সাজাহান’ নাটকে ‘আমার জন্মভূমি’ গানটি কে গেয়েছে?

(চ) রহিমুদ্দির পুত্রের নাম কী?

(ছ) ‘ছেঁড়া তার’ নাটক কত খ্রিস্টাব্দে রচিত হয়?





(জ) শানুল্যা পাইকার গরু, বলদ কোন্ হাটে চালান করত?

(ঝ) শ্রীমন্ত পাঙ্গ মেলা থেকে কী কিনে এনেছিল?

(ঞ) রহিমুদ্দি কত টাকা দিয়ে দিলরুবা যন্ত্রটি কিনেছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ‘সাজাহান’ নাটকের নয়টি গানের মধ্যে সাতটি গান দ্বিজেন্দ্রলালের লেখা। বাকি দুটি গান কার রচনা?

(খ) “হেলে ধর্তে পার না, কেউটে ধর্তে যাও।” বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

(গ) সাজাহানের জ্যেষ্ঠ ও কনিষ্ঠ পুত্রের নাম লেখো।

(ঘ) “আইজ উয়ার মৌত হইবে।” বক্তা কে? বক্তা কার মৃত্যুর কথা বলেছেন?

(ঙ) রহিম ফুলজানের জন্য শহর থেকে কী কিনে এনেছিল?

৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ‘সাজাহান’ নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যে দারার হাতে সাজাহানের পাঞ্জা তুলে দেবার ঘটনাটি নাটকে কতটা প্রভাব ফেলেছে, সংক্ষেপে আলোচনা করো।

(খ) ‘সাজাহান’ নাটকের সুজা চরিত্রটি আলোচনা করো।

(গ) “বেচারী পুত্র। কিন্তু জহরৎ জানুক যে আমাদের কাছে এক নীতি। পুত্র মিত্র বিচার নাই।” প্রসঙ্গটি বিশদ করো।

(ঘ) ‘ছেঁড়া তার’ নাটকের গোবিন্দ চরিত্রটি আলোচনা করো।